



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।  
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),  
[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)



স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/৩৪৭

তারিখ : ১৯/০৮/২০২১ খ্রি.

**বিষয়ঃ ২০২০ সালে অষ্টম শ্রেণী হতে নবম শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থীদের রোল নম্বর সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের জেএসসি পরীক্ষা গ্রহণ না করে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে স্ব-স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে নবম শ্রেণীতে উত্তীর্ণ করা হয়েছে। উক্ত উত্তীর্ণ শিক্ষার্থীদের রোল নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়গুলোর নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে-

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ( [www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd) ) এ লগইন করে-

**eSIF → JSC(s.m) → EIIN → Password → Roll sheet** এ ক্লিক করে

প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে রোল নম্বরের সীট ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে। রোল নম্বরের সীট প্রিন্ট করার পর শিক্ষার্থীদের অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ৩১/০৮/২০২১ হতে ০২/০৯/২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে আবেদন (প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী।

প্রাপক:  
প্রতিষ্ঠান প্রধান  
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল  
মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রাপ্ত শিক্ষা  
প্রতিষ্ঠান।

(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ  
ফোন: ০৯১-৫৩৩৩৫

E-mail : [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)

অনুলিপি:

১. উপপরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৩. অফিস কপি।